

**১৫ ছাত্রের বিবৃতি
ক্যাম্পাস না খোলা
পর্যন্ত তদন্তকাজ
বন্ধ রাখতে হবে**

ঢাকা বিশ্ববিদ্যালয়ের আন্দোলনকারী ১৫ ছাত্র ক্যাম্পাস না খোলা পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের তদন্ত কমিটির জাতীয় কার্যক্রম স্থগিত রাখা এবং অবিলম্বে ঢাকা বিশ্ববিদ্যালয় খুলে দেয়া, সাধারণ ছাত্রদের অন্যান্য দাবি বাস্তবায়ন ও ক্যাম্পাসে ষাভাবিক অবস্থা ফিরিয়ে আনার দাবি জানিয়েছেন।

এক বিবৃতিতে তারা বলেন, ডিসি-এইটরের পদত্যাগের পর বর্তমান প্রশাসন বিশ্ববিদ্যালয় খুলে দেয়াসহ আমাদের অন্যান্য ৬ দফা বাস্তবায়নের আশ্বাস দেন; কিন্তু এক সপ্তাহ পরও এ বিষয়ে কার্যকর কোন উদ্যোগ নেননি। শামসুল্লাহের হালসহ বিশ্ববিদ্যালয়ে সংঘটিত ঘটনা তদন্তের জন্য ঢাবি কর্তৃপক্ষ গঠিত তদন্ত কমিটি ইতোমধ্যে কাজ শুরু করেছেন; কিন্তু ক্যাম্পাস বন্ধ থাকার কারণে ঘটনার শিকার ও প্রত্যক্ষদর্শী শিক্ষার্থীরা প্রায় সবাই ঢাকার বাইরে অবস্থান করছে। এ অবস্থায় তদন্তকাজ কোনভাবেই পূর্ণাঙ্গ এবং নিরপেক্ষ হতে-পারে না। আমাদের আশঙ্কা অধিকাংশ ছাত্রছাত্রীর অনুপস্থিতিতে বিশেষ সংগঠনের নেতা-কর্মীদের সাক্ষ্য গ্রহণ করে একপেশে রিপোর্ট পেশ করে প্রকৃত অপরাধীদের আড়াল করার চেষ্টা চলছে।

তারা আর বলেন, আন্দোলনে অংশগ্রহণকারী এবং বিচার বিভাগীয় তদন্ত কমিশনে সাক্ষাদানকারী ছাত্রছাত্রীদের নানাতার্তে হুমকি প্রদানের খবর আমাদের উদ্ভিন্ন করে তুলছে। আমরা অবিলম্বে এসব অপশক্তির বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করে সকল ছাত্রছাত্রীর নিরাপত্তা নিশ্চিত করার দাবি জানাচ্ছি। আমরা ঢাকা বিশ্ববিদ্যালয়ের সংস্থায়ী ছাত্রসমাজকে যেকোন হামলা-নির্ধাতনের বিরুদ্ধে রুখে দাঁড়ানোর আহ্বান জানাচ্ছি।

বিবৃতিদাতারা হলেন : রাজু আহমেদ, বাংলা বিভাগ (৪র্থ বর্ষ), আসাদ-উজ্জামান আসাদ (মনোবিজ্ঞান বিভাগ), রুমায়ন হাসান রীমান নূ-বিজ্ঞান (৩য় বর্ষ), মীর মোকাররম হোসেন, গণযোগাযোগ ও সাংবাদিকতা (১ম বর্ষ), এমরান হাছান মামুন, নূ-বিজ্ঞান (৩য় বর্ষ), নাসির উদ্দীন রেজা, ব্যবস্থাপনা (৪র্থ বর্ষ), চিন্ময় দেবসি-২য় বর্ষ, চাককলা, শরীফ আহমেদ জীবন (১ম বর্ষ) পালি ও সংস্কৃতি প্রমুখ।